মুজাহিদগণের বৈশিষ্ট্যাবলী
خصال المجاهدين
অনুবাদঃ
ইবনু আবীল ওয়ালীদ
المنهل
MAKTABATUL MANHAL

মুজাহিদগণের বৈশিষ্ট্যাবলী

‘নাবা’ পত্রিকার ধারাবাহিক প্রবন্ধ

অনুবাদঃ ইবনু আবীল ওয়ালীদ

خصال المجاهدين

مقالات سلسلة من صحيفة النبأ

المترجم: إبن أبي الوليد

الناشر: مكتبة المنهل

رمضان ١٤٤٤هـ

مارس - ٢٠٢٣م

মুজাহিদগণের বৈশিষ্ট্যাবলী

‘নাবা’ পত্রিকার ধারাবাহিক প্রবন্ধ

অনুবাদঃ ইবনু আবীল ওয়ালীদ

প্রকাশনায়ঃ মাকতাবাতুল মানহাল
প্রথম প্রকাশঃ
রমাদান - ১৪৪৪ হিজরী
মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

Characteristics of the Mujahideen

Series of articles in 'AN-Naba'
newspaper
Translated by: Ibnu Abil Walid
Published by: Maktabatul Manhal
Ramadan - 1444 hijri
March - 2023

উৎসর্গ...

জিহাদের ময়দানে সম্মুখ সারিতে
অবস্থানরত মুজাহিদগণের প্রতি.....

মাকতাবাতুল মানহাল

দৃষ্টি আকর্ষণঃ

মাকতাবাতুল মানহাল কর্তৃক প্রকাশিত বক্ষমান পুস্তিকাসহ অন্যান্য প্রকাশনাসমূহের টীকাসহ যেকোন প্রকার সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিবর্ধন ব্যতীত যেকোন ব্যক্তি, গোষ্ঠী বা প্রতিষ্ঠান দাওয়াহ'র উদ্দেশ্যে বিতরণ ও পরিবেশন করতে পারবে। সাথে সাথে ন্যায্যমূল্যে ক্রয়-বিক্রয়ও করতে পারবে।

'মাকতাবাতুল মানহাল'

প্রকাশকের ভূমিকাঃ

بسم الله الرحمن الرحيم

ইবাদাতের বসন্তকাল রমাদান মাস অতিবাহিত করছি আমরা। এই বরকতময় মাসে আল্লাহর অনুগ্রহে আমরা "মুজাহিদগণের বৈশিষ্ট্যাবলী" নামক পুস্তিকাটি আপনাদের সমীপে পেশ করতে পেরে মহান রবের কৃতজ্ঞতা জ্ঞাপন করছি - আলহামদুলিল্লাহ। "মুজাহিদগণের বৈশিষ্ট্যাবলী" পুস্তিকাটি দাওলাতুল ইসলামের সাপ্তাহিক "নাবা" পত্রিকার ৩৬৫, ৩৬৬, ৩৬৭, ৩৬৯, ৩৭০ সংখ্যায় প্রকাশিত ধারাবাহিক প্রবন্ধ "خصال المجاهدين" এর বঙ্গানুবাদ। মাকতাবাতুল মানহাল কর্তৃপক্ষ বিষয়বস্তুর গুরুত্ব বিবেচনায় নিয়ে তা বাংলার মুজাহিদ ভাই-বোন এবং আমভাবে সকল মুসলিমগণের জন্য বাংলায় প্রকাশের ইচ্ছা পোষণ করেন। আমরা আশা করি এর মাধ্যমে আমাদের ভাইগণ উপকৃত হবেন এবং বক্ষমান পুস্তিকায় উল্লেখিত বৈশিষ্ট্যে বৈশিষ্ট্যমণ্ডিত হওয়ার দ্বারা নিজেদেরকে তামকীনের প্রজন্ম হিসেবে গড়ে তুলবেন - যেমন ছিল সাহাবীগণের প্রজন্ম। আল্লাহ سُبْحَانَهُ وَتَعَالَىٰ এই বইয়ের অনুবাদক ও এর প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে উত্তম বিনিময় দান করুন। এই প্রচেষ্টাগুলোকে আমাদের নাযাতের উছিলা বানিয়ে দিন।

প্রিয় পাঠকবৃন্দ! আপনারা আপনাদের কল্যাণকর দু'আয় আমাদেরকে ভুলবেন না।

والحَمدُ لله رب العالمين

وصلّي اللّٰهُ تَعَالَى على خَيرِ خَلقِهِ مُحمّدٍ وآلِه وأصحَابِه أجمَعِين

আবু লাইছ আল-হিন্দী

রমাদান - ১৪৪৪ হিজরী

মাকতাবাতুল মানহাল

الحمد لله رب العالمين، ولي المتقين، والصلاة والسلام على إمام المجاهدين وخاتم المرسلين، وبعد؛

নিশ্চয়ই আল্লাহ তার বান্দাদেরকে প্রতিপালন করেন, তাদেরকে তার পথ শিক্ষা দেন এবং তিনি তাদেরকে হিদায়াত ও সুন্দর বৈশিষ্ট্যের দিকে পথ প্রদর্শন করেন; যেন তারা প্রকাশ্যে ও গোপনে পূর্ণতা লাভ করতে পারে। আল্লাহ তা'আলা মুজাহিদগণের জন্য কিছু বৈশিষ্ট্য বর্ণনা করেছেন যেগুলো গ্রহণ করা ওয়াজিব। যাতে তারা প্রকৃত মু'মিন হতে পারে। সুরা আনফালের শুরুতেই উল্লেখ হয়েছে জিহাদের আদব, এর বিধিবিধান এবং জিহাদের পথ-নির্দেশনা। আর এগুলো মুজাহিদগণের জন্য আত্যাবশ্যক। এই আয়াতগুলো সম্মানিত সাহাবীগণের প্রথম প্রজন্মের উদ্দেশ্যে সর্বপ্রথম বড় যুদ্ধের ব্যাপারে নাযিল হয়েছিল - যে যুদ্ধ ছিল ইসলাম ও কুফরের মাঝে পার্থক্যকারী। তারা নাবী ﷺ এর নিকট গনিমাহ'র অংশ চেয়েছিলেন অতঃপর তাদের নিকট উত্তর আসে। কিন্তু এ বিষয়ে আলোচনার পরে যা রয়েছে তা আরো বেশি গুরুত্বপূর্ণ; যেমন - ঈমান-আনুগত্যের তাৎপর্য, নি'আমত স্মরণ করা, আল্লাহ তা'আলার জন্য বিনয় প্রদর্শন করা এবং অব্যাহতভাবে শত্রুদের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাওয়া - যেন দ্বীন পরিপূর্ণরূপে আল্লাহর জন্য হয়।

মুজাহিদগণের সকল বৈশিষ্ট্য আহরণ করা হয় জিহাদের আয়াত ও জিহাদের সুরা থেকে। আর এগুলো এমন ঝর্ণা ও এমন কূপ যা ফুরাবার নয়।

আমাদের রব সুবহানাহু বলেন,

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ إِذَا ذُكِرَ اللَّهُ وَجِلَتْ قُلُوبُهُمْ وَإِذَا تُلِيَتْ عَلَيْهِمْ آيَاتُهُ زَادَتْهُمْ إِيمَانًا وَعَلَىٰ رَبِّهِمْ يَتَوَكَّلُونَ ۝ الَّذِينَ يُقِيمُونَ الصَّلَاةَ وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنفِقُونَ ۝ أُولَٰئِكَ هُمُ الْمُؤْمِنُونَ حَقًّا ۚ لَّهُمْ دَرَجَاتٌ عِندَ رَبِّهِمْ وَمَغْفِرَةٌ

﴿وَرِزْقٌ كَرِيمٌ ۝﴾

“মু’মিন তো তারাই যাদের হৃদয় আল্লাহকে স্মরণ করা হলে ভীত হয় এবং তার আয়াতসমূহ তাদের নিকট পাঠ করা হলে তা তাদের ঈমান বৃদ্ধি করে। আর তারা তাদের রবের উপরই ভরসা করে। যারা সালাত কায়েম করে এবং আমরা তাদেরকে যে রিযিক্ব দিয়েছি তা থেকে ব্যয় করে; তারাই প্রকৃত মু’মিন তাদের রবের নিকট তাদের জন্য রয়েছে উচ্চ মর্যাদাসমূহ, ক্ষমা এবং সম্মানজনক রিযিক্ব।”[1]

ভয় ও একাগ্রতা

প্রথম বৈশিষ্ট্যঃ তারা হবে -

﴿إِذَا ذُكِرَ اللَّهُ وَجِلَتْ قُلُوبُهُمْ﴾

“যাদের হৃদয় আল্লাহকে স্মরণ করা হলে ভীত হয়।”[2] ইবনে কাসীর বলেন, “মুজাহিদ বলেছেন, “যাদের হৃদয় ভীত হয়।” আতঙ্কিত হয়, অর্থাৎ শঙ্কিত হয় এবং ভয় পায়। এমনিভাবে সুদ্দী সহ অনেকেই বলেছেন, এটা হচ্ছে মু’মিনের প্রকৃত সিফাত। যখন আল্লাহ তা’আলাকে স্মরণ করা হয় তখন তার অন্তর ভীত হয়। অর্থাৎ সে তাকে ভয় করে, তার আদেশগুলো পালন করে এবং তার বিধি-নিষেধগুলো বর্জন করে।”[3] সুতরাং তারা হল এমন ব্যক্তি যারা আল্লাহ

---

[1] সুরা আনফালঃ ০২-০৪

[2] সুরা আনফালঃ ০২

[3] তাফসীর ইবনে কাসীর

তা'আলাকে ভয় করে। যখন তারা আল্লাহর আদেশ শুনে তখন তারা অনুগত হয় এবং যখন তারা তার নিষেধ শুনে তখন তা হতে বিরত থাকে ও তা ছেড়ে দেয় এবং আল্লাহর কিতাবের নিকট অবস্থান করে। কুরআনের আয়াত পাঠের সময় ভয়ের অর্থ এটা নয় যে, পরিস্থিতির কারণে নির্দোষ ঘোষণা করা বা উজর তালাশ করা অথবা আল্লাহর দ্বীনের ব্যাপারে প্রবঞ্চনা করা বা কুরআনের মূল বক্তব্যকে বক্র করা। বরং তাদের অবস্থা তো হবেঃ

﴿إِنَّا نَخَافُ مِنْ رَبِّنَا يَوْمًا عَبُوسًا قَمْطَرِيرًا﴾

“নিশ্চয়ই আমরা আমাদের রবের পক্ষ থেকে এক ভয়ঙ্কর ভীতিপ্রদ দিবসের ভয় করি।”[4] এই সকল ব্যক্তিরা আল্লাহ তা'আলার জন্য অনুগত বিনয়ী। আল্লাহ বলেন,

وَبَشِّرِ الْمُخْبِتِينَ ۝ الَّذِينَ إِذَا ذُكِرَ اللَّهُ وَجِلَتْ قُلُوبُهُمْ ۝

“আর অনুগতদেরকে সুসংবাদ দিন। যাদের হৃদয় আল্লাহকে স্মরণ করা হলে ভীত হয়।”[5] এটা গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যসমূহের একটি যার মাধ্যমে আল্লাহর রাস্তার মুজাহিদ বৈশিষ্ট্যমণ্ডিত হয়। সে কেবলমাত্র অস্ত্রবহনকারী কোন যোদ্ধা নয়। বরং সে আল্লাহর একজন সৈনিক, যে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার জন্য এবং মানুষকে তাদের পুতপবিত্র সৃষ্টিকর্তার দাসত্ব করানোর জন্য কাজ করে যাচ্ছে। তাই অপরিহার্য হচ্ছে সে আল্লাহকে এবং তার সকল নিদর্শনকে সম্মান করবে, আল্লাহকে যথাযথভাবে মূল্যায়ন করবে, তার হৃদয় আল্লাহর সম্মানে পূর্ণ থাকবে। ফলে তার নিকট আল্লাহর কালাম হবে সবচেয়ে মহান এবং তার আদেশ হবে সবচেয়ে মহান আদেশ। যে ব্যক্তি তা শুনবে আবশ্যকীয়ভাবে তার অন্তরে এর যথাযথ স্থান কার্যকর হবে এবং তার কর্ণকুহরে ঐ আদেশের

---

[4] সুরা ইনসানঃ ১০

[5] সুরা হাজ্জঃ ৩৪-৩৫

প্রতিধ্বনি স্থায়ী হবে। আল্লাহ তা'আলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ وَلَا تَوَلَّوْا عَنْهُ وَأَنْتُمْ تَسْمَعُونَ ۝ وَلَا تَكُونُوا كَالَّذِينَ قَالُوا سَمِعْنَا وَهُمْ لَا يَسْمَعُونَ ۝

"হে ঈমানদারগণ! তোমরা আল্লাহ ও তার রাসুলের আনুগত্য কর এবং যখন তোমরা তার কথা শুনতে পাও তখন তা হতে মুখ ফিরিয়ে নিও না। আর তোমরা তাদের মত হয়ো না, যারা বলে, 'শুনেছি' আসলে তারা শুনে না।"[6]

আল্লাহকে এবং তার কিতাবকে সম্মান করার মাঝে নাবী ﷺ এর সুন্নাহ'কে সম্মান করা অন্তর্ভুক্ত হয়। কারণ নাবী ﷺ হলেন আল্লাহর পক্ষ থেকে মুবাল্লিগ। আর সুন্নাহ হল কুরআনের ব্যাখ্যাকারী এবং কুরআন স্পষ্টকারী। আমাদের পূর্বপুরুষ সাহাবীগণ رَضِيَ اللهُ عَنْهُمْ নাবী ﷺ এর সুন্নাহ'কে যথাযথভাবেই সম্মান করতেন এবং মেনে চলতেন। আর এটাই তাদের সৌভাগ্যবান হওয়ার এবং তাদের সঠিকতার প্রমাণ। আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট হোন।

কুরআন পাঠের সময় ঈমান বৃদ্ধি পাওয়া

দ্বিতীয় বৈশিষ্ট্যঃ আল্লাহ তা'আলার বাণীঃ

﴿وَإِذَا تُلِيَتْ عَلَيْهِمْ آيَاتُهُ زَادَتْهُمْ إِيمَانًا﴾

"আর তাদের নিকট তার আয়াতসমূহ পাঠ করা হলে তা তাদের ঈমান বৃদ্ধি

[6] সুরা আনফালঃ ২০-২১

করে।”[7]

আল্লাহর আয়াত তাদের অবস্থা পরিবর্তন করে দেয়। যখন তারা কুরআনের আয়াত শুনে বা তা পাঠ করে তখন তাদের ঈমান ও ইয়াক্বীন বৃদ্ধি পায়। বরং তারা এর কারণে প্রফুল্ল হয় যেমনটি আল্লাহ তা'আলা বলেছেন,

﴿فَأَمَّا ٱلَّذِينَ آمَنُوا فَزَادَتْهُمْ إِيمَانًا وَهُمْ يَسْتَبْشِرُونَ﴾

“অতএব যারা মু'মিন, নিশ্চয়ই তা তাদের ঈমান বৃদ্ধি করেছে এবং তারা আনন্দিত।”[8]

সুতরাং তাদের অন্তর আনন্দিত হয় এবং তাদের চেহারা আলোকিত হয় যখন তারা আল্লাহ তা'আলার আয়াত থেকে ঈমানের আধিক্যতা এবং জ্ঞান লাভ করে। ঐ আয়াতগুলো তাদের নিকট গনিমাহস্বরূপ। তারা ঐ সকল আয়াত পাওয়ার সাথে সাথে ইলম ও আমল আঁকড়ে ধরে। আবু আব্দুর রহমান আস-সুলামী থেকে বর্ণিত তিনি বলেন, “আমাদের সঙ্গীগণ আমাদের পড়িয়েছেন, আমাদের শিখিয়েছেন, এবং আমাদের অবহিত করেছেন যে, নাবী ﷺ তাদের কাউকে দশ আয়াত পড়া শিখাতেন অতঃপর সেগুলো অতিক্রম করতেন না যতক্ষণ না সে এগুলোর আমল করা শিখতো। তিনি বলেন, তারা বলত, তিনি আমাদেরকে একত্রে কুরআন ও আমল শিক্ষা দিয়েছেন।”[9]

সুতরাং ব্যাপকভাবে মু'মিনগণের জন্য এবং বিশেষভাবে মুজাহিদগণের জন্য কাম্য হচ্ছে সে আল্লাহ তা'আলার কিতাবের তাফসীর তথা ব্যাখ্যা শিক্ষা করার ব্যাপারে এবং আয়াতে বিদ্যমান আমলের বিভিন্ন দিক তালাশ করার ব্যাপারে আগ্রহী হবে; যাতে করে তার ঈমান ও আমল বৃদ্ধি পায়। কুরআনের

---

[7] সুরা আনফালঃ ০২

[8] সুরা তাওবাঃ ১২৪

[9] শারহু মুশকিল আল-আছার

আয়াত থেকে উপকার লাভ করা থেকে মানুষকে বাধা দেয় কেবলমাত্র গুনাহের ভারী বোঝা, অন্যমনস্ক হৃদয় এবং দুনিয়ার সম্পর্ক। আর যার বিমুখতা বৃদ্ধি পেতে থাকে সে হল মুনাফিক্ব। আল্লাহ তা'আলা বলেন,

وَأَمَّا ٱلَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ فَزَادَتْهُمْ رِجْسًا إِلَىٰ رِجْسِهِمْ وَمَاتُوا وَهُمْ كَافِرُونَ ﴿١٢٥﴾

"আর যাদের অন্তরে ব্যাধি আছে, এটা তাদের অপবিত্রতার সাথে আরো অপবিত্রতা যুক্ত করে। আর তাদের মৃত্যু ঘটে কাফির অবস্থায়।"[10]

সুতরাং আয়াতসমূহ কেবলমাত্র তাদের অনিষ্টতা, অন্যায়, সংকীর্ণতা, একগুঁয়েমি এবং কঠোরতাই বৃদ্ধি করে। আর এই সকল ব্যক্তিদের জন্য শুধু ধ্বংসই রয়েছে। আল্লাহ তা'আলা বলেন,

﴿فَوَيْلٌ لِّلْقَاسِيَةِ قُلُوبُهُم مِّن ذِكْرِ ٱللَّهِ ج﴾

"অতএব ধ্বংস সে লোকদের জন্য যাদের হৃদয় আল্লাহর স্মরণ থেকে কঠিন হয়ে গেছে।"[11]

আল্লাহর উপর ভরসা করা

তৃতীয় বৈশিষ্ট্যঃ আল্লাহ তা'আলার বাণীঃ

[10] সুরা তাওবাঃ ১২৫

[11] সুরা যুমারঃ ২২

﴿وَعَلَىٰ رَبِّهِمْ يَتَوَكَّلُونَ﴾

“আর তারা তাদের রবের উপরই ভরসা করে।”[12] ইবনে কাসীর বলেন, “অর্থাৎ তারা শুধুমাত্র তার নিকট আশা করে, তারা তার নিকটই বাসনা করে, তারা তার সান্নিধ্যেই আশ্রয় নেয়, প্রয়োজনাদি তার থেকেই প্রত্যাশা করে, কেবলমাত্র তার নিকট কামনা করে এবং তারা জানে যে, তিনি যা চান তা হয় এবং তিনি যা চান না তা হয় না, রাজত্বে পরিবর্তনকারী তিনিই - যিনি একক যার কোন শরীক নেই এবং তার আদেশ খণ্ডনকারী কেউ নেই। তিনি দ্রুত হিসাব গ্রহণকারী; এজন্য সাঈদ ইবনে যুবাইর বলেছেন, আল্লাহর উপর ভরসা করা হল ঈমান সঞ্চয়কারী।”[13] এটা এমন মহান এক বৈশিষ্ট্য যা ব্যতীত মুজাহিদ পথ চলতে সক্ষম নয়। আল্লাহর উপর তাওয়াক্কুল ব্যতীত কিভাবে জিহাদের কষ্টের ব্যাপারে শক্তি অর্জন করবে! অথচ পুরো বিশ্ব তার জন্য অপেক্ষমাণ, সরঞ্জামাদি স্বল্প, শক্তি-সামর্থ্য খুবই অল্প আর প্রতিবন্ধকতা অনেক! তাই আল্লাহর উপর ভরসাকারীর সকল নির্ভরতা আল্লাহর উপর এবং তার আস্থা আল্লাহ সুবহানাহুর প্রতি। সে মনে করে সবকিছু তার রব এবং তার মাওলার হাতে। ফলে যদি সে প্রয়োজনগ্রস্থ হয় তাহলে আল্লাহর নিকট চায়। যদি তার উপর কোন বিষয় কঠিন হয় তাহলে সে আল্লাহর কাছে অনুনয় করে। যদি সে কোন কাজ করে তাহলে আল্লাহর নিকট এর পূর্ণতার আশা করে। কারণ সে আসবাব তথা উপকরণের সাহায্যে কাজ করে কিন্তু উপকরণকেই সবকিছু মনে করে না। বরং যদি সে একটি উপকরণ হারিয়ে ফেলে তখন সেখানে অন্য আরেকটি উপকরণ উপস্থিত হয়। কারণ উপকরণ তৈরিকারী এবং নির্ধারণকারী তো আল্লাহ। তিনিই তাকে সকল উপকরণ ইলহাম করে দেন এবং তার জন্য সকল বিষয় সহজ করে দেন। ফলে সে অবসন্নতা ও বিরক্তি

---

[12] সুরা আনফালঃ ০২

[13] তাফসীর ইবেন কাসীর

উপলব্ধি করে না এবং কোন কিছুই তাকে অক্ষম করতে পারে না। বরং সে হয় শক্তিমান, অবিচল ও ধৈর্যশীল। কারণ আল্লাহ তার সাহায্যকারী এবং তার বিষয়কে সহজকারী। আর এটা মুজাহিদের সাথে সাথে তার সকল কাজে অন্তর্ভুক্ত হয়। তাই তার সামনে একটি দরজা বন্ধ হয়ে যাওয়া মাত্রই আল্লাহর প্রতি তার নির্ভরতা এবং আল্লাহর উপর তার উৎকৃষ্ট তাওয়াক্কুল তথা ভরসার কারণে সে বিকল্প খুঁজে পায়।

সালাত প্রতিষ্ঠা করা

চতুর্থ বৈশিষ্ট্যঃ আল্লাহ তা'আলার বাণীঃ

﴿الَّذِينَ يُقِيمُونَ الصَّلَاةَ﴾

"যারা সালাত কায়েম করে।"[14] ইবনে কাসীর رَحِمَهُ اللهُ বলেন, "ক্বাতাদাহ বলেছেন, সালাত প্রতিষ্ঠা করাঃ অর্থাৎ সালাতের সময়, অযু এবং রুকু-সিজদার ব্যাপারে যত্নবান হওয়া। মুকাতিল ইবনে হাইয়ান বলেছেন, সালাত প্রতিষ্ঠা করাঃ অর্থাৎ সালাতের সময়ের ব্যাপারে যত্নবান হওয়া, সালাতে যথাযথভাবে পবিত্রতা অর্জন করা, পরিপূর্ণভাবে সালাতের রুকু-সিজদা করা, কুরআন তিলাওয়াত করা এবং তাশাহুদ ও নাবী ﷺ এর প্রতি দুরূদ পাঠ করা- এগুলোই হল সালাত প্রতিষ্ঠা করা।"[15] সালাতের গুরুত্ব বিরাট। আর তা জিহাদের চেয়েও অধিক গুরুত্বপূর্ণ। সালাতের গুরুত্ব নিশ্চিতকরণে এবং মুজাহিদগণের উপর সালাতের বিরাট প্রভাব থাকার কারণে এলোমেলো

---

[14] সুরা মায়িদাহঃ ৫৫

[15] তাফসীর ইবনে কাসীর

ধূলিমলিন অবস্থায় তাদের রব আল্লাহর সামনে সারিবদ্ধ হওয়ার মাধ্যমে জিহাদের ময়দানেও সালাতুল খওফ জামা'আতের সাথে পড়ার বিধান করা হয়েছে। আবু বকর رَضِيَ اللَّهُ عَنْهُ ইয়াযিদ ইবনে আবী সুফিয়ানকে বলেছিলেন, - যখন তিনি তাকে সৈন্যবাহিনীর সাথে শামে প্রেরণ করছিলেন - "তুমি সময়মত রুকু-সিজদা পরিপূর্ণভাবে আদায় করে বিনিত হয়ে সালাত আদায় করবে।"[16] তিনি আমর ইবনুল আস رَضِيَ اللَّهُ عَنْهُ কেও বলেছিলেন,- তিনি তার সৈন্যবাহিনীর আমির ছিলেন - "সালাতের ব্যাপারে গুরুত্ব দিবে সালাতের ব্যাপারে গুরুত্ব দিবে। যখন সালাতের সময় হবে তখন সালাতের জন্য আযান দিবে। আর তুমি আযান দিয়ে সালাত আদায় করবে যা সৈন্যবাহিনীর সকলেই শুনে।"[17]

সালাতের প্রভাব রয়েছে। এমনকি শত্রুদের অন্তরেও সালাতের প্রভাব পড়ে। যেমনটি ক্বাদিসীয়্যাহ'র ঘটনায় বর্ণিত হয়েছেঃ "যখন মুআযযিন সালাতের জন্য আযান দিল তখন পারস্য বাহিনীর সেনাপতি রুস্তম তাদেরকে দেখল তারা নাড়াচাড়া করছে অর্থাৎ প্রস্তুতি নিচ্ছে। ফলে সে পারস্যদের মাঝে ঘোষণা দিয়ে তাদেরকে সওয়ার হতে বলল। অতঃপর তাকে বলা হল, কেন? সে বলল, তোমরা কি তোমাদের শত্রুদের দেখছো না তাদের মাঝে ঘোষণা দেওয়া হয়েছে ফলে তারা তোমাদের উদ্দেশ্যে নাড়াচাড়া দিয়ে উঠছে! রুস্তমের গুপ্তচর বলল - যাকে সে মুসলিমদের কাছে পাঠিয়েছিল - তাদের এই নাড়াচাড়া হচ্ছে সালাতের জন্য। অতঃপর সে পারস্য ভাষায় বলল, এটাই হল সেই ওমর যে কুকুরদের সাথে কথা বললে তাদেরকেও জ্ঞান শিক্ষা দেয়।"[18]

সুতরাং সালাত আদায় করা ওয়াজিব যেমনটি আল্লাহ আদেশ করেছেন - যদিও মানুষ জিহাদ ও রিবাতে থাকে যতক্ষণ সে নিরাপদ স্থানে থাকে। আল্লাহ

---

[16] আল-কামিল ফী-তারীখ

[17] ফুতূহ আশ-শাম

[18] তারীখুত ত্ববারী

তা'আলা বলেন,

فَإِذَا اطْمَأْنَنتُمْ فَأَقِيمُوا الصَّلَاةَ ۚ إِنَّ الصَّلَاةَ كَانَتْ عَلَى الْمُؤْمِنِينَ كِتَابًا مَّوْقُوتًا ﴿١٠٣﴾

"অতঃপর যখন তোমরা নিরাপদ হবে তখন সালাত কায়েম করবে; নির্ধারিত সময়ে সালাত কায়েম করা মু'মিনদের জন্য অবশ্য কর্তব্য।"[19]

এর উপর ভিত্তিকরে প্রয়োজন নেই এমন রুখছতের ক্ষেত্রে ব্যাপক হওয়া যাবে না - যেমন জমা করা এবং তায়াম্মুম করা। তবে যদি ভয় অথবা যুদ্ধের আহ্বান বা শত্রুর মুখোমুখি হওয়ার আশঙ্কা থাকে তাহলে সক্ষমতা অনুযায়ী সালাত পড়বে এবং পবিত্রতা অর্জন করবে। এমনকি কঠিন মূহুর্তে সে ইশারা-ইঙ্গিতে সালাত পড়বে।

যার সালাত সুন্দর হবে তার জিহাদ ও সমস্ত আমল সুন্দর হবে। আর যে সালাতের ক্ষেত্রে শিথিলতা করবে সে সালাত ব্যতীত দ্বীনের অন্যান্য ক্ষেত্রেও শিথিলতা করবে। তাই সতর্ক হোন!

সম্পদ ব্যয় করা ও উৎসর্গ করা

পঞ্চম বৈশিষ্ট্যঃ আল্লাহ তা'আলার বাণীঃ

﴿وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنفِقُونَ﴾

[19] সুরা নিসাঃ ১০৩

“এবং তাদেরকে আমরা যে রিযিক্ব দিয়েছি তা থেকে তারা ব্যয় করে।”[20] ইবনে কাসীর বলেন, “আল্লাহ তাদেরকে যে রিযিক্ব দিয়েছেন তা থেকে ব্যয় করা যাকাতের খিরাজকে অন্তর্ভুক্ত করে। আর বান্দাদের সকল অধিকার ওয়াজিব এবং মুস্তাহাবের প্রকার থেকেই। সকল সৃষ্টিই আল্লাহর পরিবার। তাই তাদের মাঝে ঐ ব্যক্তি আল্লাহর নিকট অধিক প্রিয় যে তার সৃষ্টিকে উপকার করে। ক্বাতাদাহ আল্লাহর এবাণীর ব্যাপারে বলেন, “এবং তাদেরকে আমরা যে রিযিক্ব দিয়েছি তা থেকে তারা ব্যয় করে।” আল্লাহ তোমাদেরকে যা দান করেছেন তা থেকে তোমরা ব্যয় কর। হে আদম সন্তান! এই সকল সম্পদ তো তোমার নিকট আমানত এবং গচ্ছিত। অচিরেই তুমি তা থেকে বিচ্ছিন্ন হয়ে যাবে।”

একজন মুজাহিদ তার জীবন ও তার সম্পদ উৎসর্গ করবে। কারণ সাহসিকতা এবং দানশীলতা-এ দু’টি সহচর। আর যে ব্যক্তি আখিরাতের সাথে সম্পর্ক করে সে দুনিয়া উৎসর্গ করে দেয় এবং সেব্যাপারে পরোয়াই করে না। উৎসর্গ করা অকৃত্রিম যা সহজ নয়। সব থেকে মহান ব্যয় করা হল জিহাদ এবং জিহাদের সাথে সংশ্লিষ্ট ক্ষেত্রগুলোতে ব্যয় করা।

অতঃপর এই আয়াতগুলো শেষ হয়েছে ঐ ব্যক্তির ঈমানকে দৃঢ় করণের মাধ্যমে যে এই সমন্বিত বৈশিষ্ট্যাবলী একত্রিত করেছে। আল্লাহ সুবহানাহু বলেন,

﴿أُولَٰئِكَ هُمُ الْمُؤْمِنُونَ حَقًّا ۚ﴾

“তারাই প্রকৃত মু’মিন।”[21]

যে ব্যক্তি এই বৈশিষ্ট্যাবলীর মাধ্যমে গুণান্বিত হবে তার জন্য তার দ্বীন

[20] সুরা বাক্বারাহঃ ০৩

[21] সুরা আনফালঃ ০৪

নিরাপদ হবে এবং সেই প্রকৃত মু’মিন, প্রকৃত মুজাহিদ ও প্রকৃত আল্লাহ ভীরু। তার জন্য রয়েছে পর্যাপ্ত প্রতিদান। আল্লাহ তা’আলা বলেন,

﴿لَهُمْ دَرَجَاتٌ عِنْدَ رَبِّهِمْ وَمَغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ﴾

“তাদের রবের কাছে তাদেরই জন্য রয়েছে উচ্চ মর্যাদাসমূহ, ক্ষমা এবং সম্মানজনক রিযিক্ব।”[22]

আমরা আল্লাহর নিকট সুউচ্চ মর্যাদা এবং স্থায়ী নি’আমত কামনা করি। হে আমাদের রব! আপনি আমাদেরকে কবুল করুন! নিশ্চয়ই আপনি সর্বশ্রোতা, সর্বজ্ঞানী। আপনি আমাদের তাওবা কবুল করুন! নিশ্চয়ই আপনি তাওবা কবুলকারী দয়াময়।

[22] সুরা আনফালঃ ০৪

আমরা কুরআন এবং সুন্নাহ থেকে মুজাহিদগণের বৈশিষ্ট্যাবলী আহরণ করে আলোকপাত করছি – যারা তাদের কাঁধে এমন কিছু বহন করে পাহাড় যা বহন করতে অক্ষম এবং যার দায়িত্বভার থেকে বশ্যতা স্বীকারকারী অন্তর পলায়ন করে। যারা কুফরকে আক্রমণ করে এবং এর উপর ধৈর্যধারণ করে। যাতে তারা জগৎসমূহের রবের শারীয়াহ দ্বারা শাসন করার জন্য কর্তৃত্ব লাভ করতে পারে। সুতরাং আল্লাহ যাদেরকে এই সকল স্তরের জন্য উপযোগী করেন তাদের কিছু বৈশিষ্ট্য ও লক্ষণ রয়েছে। সুরা তাওবা, সুরা আনফাল ও জিহাদের অন্যান্য সুরা তাদের সম্পর্কে আমাদের নিকট বর্ণনা করে। এই সকল সুরা এমন প্রত্যেক ব্যক্তির মনে জিহাদের ময়দানের আকাঙ্ক্ষা জাগ্রত করে দিবে যে এগুলো নিয়ে চিন্তা করে। প্রত্যেক মুজাহিদকেই এ সুরাগুলো স্মরণ করিয়ে দেয়; তার কেমন হওয়া উচিৎ – যেন তার জিহাদ পূর্ণাঙ্গভর হয় এবং সে জিহাদের অগ্রদূত ও ঘোড়সওয়ার হতে পারে।

আমানত রক্ষা করা

ষষ্ঠ বৈশিষ্ট্যঃ আল্লাহ তা'আলার বাণীঃ

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَخُونُوا اللَّهَ وَ الرَّسُولَ وَتَخُونُوا أَمَانَاتِكُمْ وَأَنتُمْ تَعْلَمُونَ ۝

"হে মু'মিনগণ, তোমরা আল্লাহ ও রাসুলের সথে খিয়ানত করো না। আর তোমরা জ্ঞাতসারে তোমাদের আমানতের খিয়ানত করো না।"[23] ইমাম সুয়ুত্বী তার তাফসীরে বর্ণনা করেন, "ইবনে আব্বাস رَضِيَ اللهُ عَنْهُمَا থেকে আল্লাহর এবাণীর ব্যাপারে বর্ণিত হয়েছে - "তোমরা আল্লাহর সাথে খিয়ানত করো না।" তিনি বলেন, তার ফরজসমূহ ছেড়ে দেওয়ার মাধ্যমে। "রাসুলের সাথে" তার সুন্নাহ ছেড়ে দেওয়ার মাধ্যমে এবং পাপ সম্পাদন করার মাধ্যমে। "তোমরা তোমাদের আমানতের খিয়ানত করো না।" তিনি বলেন, তোমরা তা নষ্ট কর না এবং এমন আমানত নষ্ট কর না যা আল্লাহ বান্দাদের নিকট রেখেছেন।" তিনি বলেন, "আবু শাইখ ইয়াযিদ ইবনে আবু হাবীব رَضِيَ اللهُ عَنْهُ থেকে আল্লাহর এবাণীর ব্যাপারে বর্ণনা করেছেন - "তোমরা আল্লাহ ও রাসুলের সাথে খিয়ানত করো না।" তা হচ্ছে যুদ্ধে অস্ত্রের ক্ষতি করা।"[24]

সুতরাং মুজাহিদ বহনকৃত আমানতের এবং অর্পিত দায়িত্বের রক্ষাকারী হবে - হোক তা লোকবল বা অস্ত্র অথবা সম্পদ বা তথ্য অথবা এরকম বিষয় তা সমান। তার উপর ওয়াজিব হচ্ছে সে এই সকল বিষয়ের ক্ষেত্রে আমানতদার হবে। আর আমানতের মধ্যে গোপনীয়তা রক্ষা করা এবং তা ফাঁস না করা অন্তর্ভুক্ত হয়। সুদ্দী থেকে বর্ণিত হয়েছে, "তোমরা আল্লাহ ও রাসুলের

[23] সুরা আনফালঃ ২৭

[24] আদ-দুরারুল মানছূর

সাথে খিয়ানত করো না।” তিনি বলেন, “তারা নাবী ﷺ এর থেকে কথা শুনত অতঃপর তা ফাঁস করে দিত এমনকি তা মুশরিকদের নিকট পৌঁছে যেত।”[25] আর এ বিষয়টি জিহাদের গুরুত্বপূর্ণ বিষয়াদির অন্তর্ভুক্ত। তাই মুজাহিদগণের গোপনীয়তা রক্ষা করা এবং এই গোপনীয়তা যে ব্যক্তির জানা প্রয়োজন নেই তার নিকট বর্ণনা না করা প্রত্যেক মুজাহিদের উপর ওয়াজিব - যদিও সে অতি নিকটবর্তী ব্যক্তি বা সঙ্গী হয়। বিশেষত যখন মুজাহিদগণের সাথে সম্পৃক্ত প্রতিটি তথ্য অর্জন করতে শত্রু আগ্রহী এবং অপেক্ষায় থাকে। সুতরাং হে মুজাহিদ ভাই! এমন ব্যক্তির নিকট তথ্য দেওয়া থেকে সতর্ক থাকুন যার কাজে উক্ত তথ্য প্রয়োজন নেই এবং এমন তথ্য পেতে চাওয়া থেকেও সতর্ক থাকুন যা আপনার কাজে আপনাকে উপকার করবে না। কারণ তৎক্ষণাৎ কিংবা বিলম্বে এটাই আপনার জন্য অধিক উপকারী হবে।

আল্লাহ তা’আলাকে ভয় করা

সপ্তম বৈশিষ্ট্যঃ আল্লাহ তা’আলার বাণীঃ

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنْ تَتَّقُوا اللَّهَ يَجْعَلْ لَكُمْ فُرْقَانًا وَيُكَفِّرْ عَنْكُمْ سَيِّئَاتِكُمْ وَيَغْفِرْ لَكُمْ ۗ وَاللَّهُ ذُو الْفَضْلِ الْعَظِيمِ ﴿٢٩﴾

“হে মু’মিনগণ, যদি তোমরা আল্লাহকে ভয় কর তাহলে তিনি তোমাদেরকে ফুরক্বান (সত্য মিথ্যার পার্থক্যকারী) প্রদান করবেন, তোমাদের থেকে তোমাদের পাপসমূহ দূর করবেন এবং তোমাদেরকে ক্ষমা করবেন। আর

[25] ত্বাবারী

আল্লাহ মহা অনুগ্রহশীল।”[26] ইবনে কাসীর رَحِمَهُ الله বলেন, “যে ব্যক্তি আল্লাহর আদেশ পালন করা এবং তার নিষেধ বর্জন করার ক্ষেত্রে তাকে ভয় করে সে বাতিল থেকে হক্ব চেনার ক্ষেত্রে সাহায্যপ্রাপ্ত হয়। আর এটাই তাকে সাহায্য করা, তার মুক্তি, দুনিয়ার বিষয়াদি থেকে বের হবার পথ এবং ক্বিয়ামতের দিন তার সৌভাগ্যের কারণ।”[27] সুতরাং যখনই মুজাহিদ তার রবকে ভয় করে এবং তার কাজ, তার প্রতিপাদ্য বিষয় ও তার কর্তৃত্বের ক্ষেত্রে তার রবকেই ভয় করে তখন আল্লাহ তার অন্তরে এমন এক ফুরক্বান তথা সত্য-মিথ্যার পার্থক্যকারী দান করেন যা দিয়ে সে হক্ব ও বাতিলের মাঝে পার্থক্য করতে পারে। আর এই যামানায় এমন ফুরক্বান অধিক প্রয়োজন যেখানে সংশয়-সন্দেহ বৃদ্ধি পেয়েছে এবং অধিকাংশ মানুষের জন্য বিষয়গুলো এলোমেলো হয়ে গেছে।

তাই আপনার জন্য আবশ্যক হচ্ছে আল্লাহকে ভয় করা। নিজের মতামতকে এবং নিজের ভাল মনেকরাকে আল্লাহর আদেশ ও নিষেধের সামনে অগ্রবর্তী করবেন না। আল্লাহর ভয়ের প্রতি আপনার আস্থা যেন নিজের বিবেচনার প্রতি আস্থা থেকে অধিক বড় হয়। কারণ যে ব্যক্তি আল্লাহকে ভয় করে -

﴿وَمَن يَتَّقِ اللَّهَ يَجْعَل لَّهُ مَخْرَجًا﴾

“যে আল্লাহকে ভয় করে, তিনি তার জন্য উত্তরণের পথ তৈরী করে দেন।”[28]

﴿وَمَن يَتَّقِ اللَّهَ يَجْعَل لَّهُ مِنْ أَمْرِهِ يُسْرًا﴾

---

[26] সুরা আনফালঃ ২৯

[27] তাফসীর ইবনে কাসীর

[28] সুরা ত্বলাক্বঃ ০২

“যে আল্লাহকে ভয় করে, তিনি তার জন্য তার কাজকে সহজ করে দেন।”[29]

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُقَدِّمُوا بَيْنَ يَدَيِ اللَّهِ وَرَسُولِهِ ۖ وَاتَّقُوا اللَّهَ ۚ إِنَّ اللَّهَ سَمِيعٌ عَلِيمٌ ۝

“হে ঈমানদারগণ, তোমরা আল্লাহ ও তার রাসুলের সামনে অগ্রবর্তী হয়ো না এবং তোমরা আল্লাহকে ভয় কর, নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।”[30]

অবিচল থাকা এবং অধিক পরিমাণে আল্লাহকে স্মরণ তথা যিকির করা

অষ্টম বৈশিষ্ট্যঃ আল্লাহ তা’আলার বাণীঃ

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا لَقِيتُمْ فِئَةً فَاثْبُتُوا وَاذْكُرُوا اللَّهَ كَثِيرًا لَعَلَّكُمْ تُفْلِحُونَ ۝

“হে মু’মিনগণ, যখন তোমরা কোন দলের মুখোমুখি হও, তখন অবিচল থাকবে, আর অধিক পরিমাণে আল্লাহর যিকির করবে, যাতে তোমরা সফল হও।”[31] ইবনে কাসীর رَحِمَهُ الله বলেন, “আল্লাহ তা’আলা শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ করার সময় অবিচল থাকার এবং তাদের মুখোমুখি হওয়ার সময় ধৈর্যধারণ করার আদেশ করেছেন - তারা যেন পলায়ন না করে, পিছু হটে না আসে এবং

---

[29] সুরা ত্বলাক্বঃ ০৪

[30] সুরা হুজুরাতঃ ০১

[31] সুরা আনফালঃ ৪৫

ভীতু না হয়। ঐ অবস্থায় যেন আল্লাহকে স্মরণ করে এবং তাকে ভুলে না যায়। বরং তারা যেন তার নিকট সাহায্য চায়, তার উপরেই ভরসা করে এবং তার নিকট তাদের শত্রুদের উপর বিজয় চায়।”[32] আল্লাহ ঐ ব্যক্তির প্রশংসা করেছেন যে জিহাদে অবিচল থাকে ও ধৈর্যধারণ করে এবং তিনি তাদেরকে সত্যবাদী হিসেবে অভিহিত করেছেন। আল্লাহ তা'আলা বলেন,

وَالصَّابِرِينَ فِي الْبَأْسَاءِ وَالضَّرَّاءِ وَحِينَ الْبَأْسِ ۗ أُولَٰئِكَ الَّذِينَ صَدَقُوا ۖ وَأُولَٰئِكَ هُمُ الْمُتَّقُونَ ﴿١٧٧﴾

“যারা কষ্টে, দুর্দশায় ও যুদ্ধের সময়ে ধৈর্যধারণ করে, তারাই সত্যবাদী এবং তারাই মুত্তাক্বী।”[33] আল্লাহ যুদ্ধের ময়দান থেকে পলায়ন করতে নিষেধ করেছেন। আল্লাহ তা'আলা বলেন,

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا زَحْفًا فَلَا تُوَلُّوهُمُ الْأَدْبَارَ﴾

“হে মু'মিনগণ, যখন তোমরা যুদ্ধের ময়দানে কাফিরদের মুখোমুখি হবে, তখন তাদের থেকে পৃষ্ঠ প্রদর্শন করবে না।”[34]

যখন মু'মিনগণ অবিচল থাকে তখন আল্লাহ তার পক্ষ থেকে মদদ দ্বারা তাদেরকে সাহায্য করেন এবং তারাও তাদের শত্রুকে অক্ষম করে দেন - যদিও শত্রু অনেক হয়। আর এর অসংখ্য দৃষ্টান্ত রয়েছে। তন্মধ্যে একটি হল মু'তার যুদ্ধে মু'মিনগণের দৃঢ়তা। মু'তার যুদ্ধে মু'মিনগণের সংখ্যা ছিল তিন হাজার। তারা দুই লক্ষ খ্রিষ্টানের মুখোমুখি হয়েছিলেন। অতঃপর আল্লাহর অনুগ্রহের পর মু'মিনগণের দৃঢ়তা খ্রিষ্টানদের সাহাস হারিয়ে ফেলা এবং তাদের শক্তি নিয়ে

---

[32] তাফসীর ইবনে কাসীর

[33] সুরা বাক্বারাহঃ ১৭৭

[34] সুরা আনফালঃ ১৫

ফিরে যাওয়ার কারণ ছিল। আর এটা বিজয় ছিল যেমনটি নাবী ﷺ অবহিত করেছেন।

রিদ্দাহ'র যুদ্ধে খালিদ বিন ওয়ালীদ এবং তুলাইহার মাঝে সংঘটিত ঘটনা উল্লেখিত। তারা বলেছে, "যখন তুলাইহা শঙ্কেত শুনল তখন সে তার সঙ্গীদেরকে বিন্যস্ত করল। যখন সারিগুলো সোজা হল তখন খালিদ তাদের দিকে এগিয়ে গেলেন এমনকি তিনি তুলাইহার নিকটে চলে আসলেন। অতঃপর তুলাইহা শক্তিশালী চল্লিশজন গোলামকে ডান অংশে দাঁড় করিয়ে বলল, তোমরা আক্রমণ করতে করতে বাম অংশে গিয়ে পৌঁছবে। ফলে লোকজন দূর্বল হয়ে পড়ল কিন্তু চল্লিশজনের কেউ নিহত হল না। এমনকি তুলাইহা তাদেরকে বাম অংশে দাঁড় করিয়ে দিল ফলে তারা আবার তাই করল এবং মুসলিমরাও পরাস্ত হতে থাকল। অতঃপর খালিদ বললেন, হে মুসলিমগণ! আল্লাহকে ভয় করুন -এ বলে তিনি লোকজনের মধ্যে ঢুকে পড়লেন এবং তার সাথে তার সঙ্গীরাও আক্রমণ করল। ফলে সারিগুলো এলোমেলো হয়ে গেল। তিনি যখন ঐ চল্লিশজনকে আক্রমণ করা শুরু করলেন তখন অভ্যন্তর থেকে এক ব্যক্তি বলল, হে খালিদ! আস্তে করুন এবং নিরাপদ আশ্রয় নিন - পাহাড়ের অভ্যন্তরে। অতঃপর খালিদ বললেন, আশ্রয় তো আল্লাহর নিকট। অতঃপর তিনি আক্রমণ করলেন। যখন তিনি ফিরে আসলেন তখন চল্লিশজনের একজনও বেঁচে ছিল না এবং পরাজয়ের পর লোকজন ফিরে গেছে।"[35]

সুতরাং আপনারাও আল্লাহর নিকট আশ্রয় গ্রহণ করুন এবং অবিচল থাকুন অতঃপর উদ্দিষ্ট লোকজনকে আক্রমণ করুন এবং তাদের পরাজিত করুন!

---

[35] মুখতাছর সিরাতুর রাসুল

শোনা এবং মানা তথা আনুগত্য করা

নবম বৈশিষ্ট্যঃ আল্লাহ তা'আলার বাণীঃ

وَأَطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ وَلَا تَنَازَعُوا فَتَفْشَلُوا وَتَذْهَبَ رِيحُكُمْ ۖ وَاصْبِرُوا ۚ إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ ﴿٤٦﴾

"আর তোমরা আল্লাহ ও তার রাসুলের আনুগত্য কর এবং পরস্পর ঝগড়া কর না, তাহলে তোমরা সাহস হারিয়ে ফেলবে এবং তোমাদের শক্তি নিঃশেষ হয়ে যাবে। আর তোমরা ধৈর্যধারণ কর, নিশ্চয়ই আল্লাহ ধৈর্যশীলদের সাথে আছেন।"[36]

এটা আল্লাহ সুবহানাহুর পক্ষ থেকে আল্লাহ ও তার রাসুল ﷺ এর আনুগত্য করা এবং আমীরগণের আনুগত্য করার ব্যাপারে একটি আদেশ। পাপ নয় এমন বিষয়ের ক্ষেত্রে আমীরগণের আনুগত্য করা আল্লাহ এবং তার রাসুল ﷺ এর আনুগত্য করার নামান্তর। ইমাম আহমাদ হাদিস বর্ণনা করেছেন, নাবী ﷺ বলেছেন, "যে ব্যক্তি আমার আনুগত্য করল সে আল্লাহর আনুগত্য করল এবং যে আমার অবাধ্য হল সে আল্লাহর অবাধ্য হল। আর যে ব্যক্তি আমীরের আনুগত্য করল সে আমারই আনুগত্য করল।" এই বিষয়ের মাধ্যমেই জিহাদ স্থিতিশীল থাকে, মুজাহিদগণের সারি শক্তিশালী হয়, কাফিরদের মনোবল ভেঙ্গে ফেলা হয় এবং এর মাধ্যমেই জিহাদের চাকা দ্রুত চলে।

আল্লাহ ঝগড়া-বিবাদ করতে নিষেধ করেছেন। আর ঝগড়া-বিবাদ হচ্ছে মতবিরোধ করা, অধিক বিতর্ক করা এবং নিজ নফসের কামনা ও ইচ্ছাকে

---

[36] সুরা আনফালঃ ৪৬

অগ্রগামী করা। যোগ্য মুজাহিদ তো তিনি যেখানেই তাকে স্থাপন করা হয় তিনি মেনে নেন এবং কাজ করে যান। নাবী ﷺ বলেছেন, "সে বান্দা সৌভাগ্যের অধিকারী যে আল্লাহর রাস্তায় তার ঘোড়ার লাগাম ধরে রেখেছে, মাথার চুলগুলোকে এলোমেলো করেছে আর পদযুগলকে করেছে ধূলিমলিন। তাকে পাহারার দায়িত্ব দিলে সে পাহারাতেই লেগে থাকে। সেনাদলের শেষ ভাগে তাকে নিয়োজিত করলে সে শেষ ভাগেই লেগে থাকে।"[37] - আর "الساقة" অর্থাৎ সেনাদলের পিছনের অংশ - একজন মুজাহিদ যদি আদিষ্ট বিষয়ের ব্যাপারে আল্লাহর কাছে সাহায্য চায় তাহলে আল্লাহ তার অনুমেয় জটিলতা তার জন্য হালকা করে দেন।

আনুগত্যের ফলাফল বিরাট যার প্রভাব জিহাদের ময়দানে সুস্পষ্টভাবে প্রকাশিত হয়। ইবনে কাসীর বলেন, " - সাহসিকতা, আল্লাহর নির্দেশ পালন করা এবং আল্লাহ তাদেরকে যে বিষয়ের পথ প্রদর্শন করেন তা মেনে চলার ক্ষেত্রে - সাহাবীগণের ন্যায় তাদের পূর্বের সকল জাতি-প্রজন্মের কেউ ছিল না এবং তাদের পরেও কেউ হবে না। কারণ তারা রাসুল ﷺ এর কল্যাণে নিয়োজিত থাকতেন এবং তিনি তাদেরকে যে আদেশ করতেন তার আনুগত্য করতেন। তারা স্বল্প সময়ে পূর্ব-পশ্চিমের অনেক অন্তর ও অঞ্চল জয় করেছেন - সকল অঞ্চলের সৈন্যবাহিনীর তুলনায় তাদের সংখ্যা কম হওয়া সত্ত্বেও। যাদের মধ্যে রয়েছে - রোম, পারস্য, তুর্কী, ছাক্বালিবাহ, বর্বর, আবিসীনীয় বাহিনী, সুদানের বিভিন্ন দল, কিবতী এবং বনী আদমের অনেক দল। তারা তাদের সকলকেই পরাস্ত করেছেন যতক্ষণ না আল্লাহর কালিমা বুলন্দ হয়, তার দ্বীন অন্য সকল দ্বীনের উপর বিজয়ী হয় এবং পৃথিবীর পূর্ব-পশ্চিমে ইসলামী সাম্রাজ্য বিস্তৃত হয়। তারা এগুলো করেছেন ত্রিশ বছরের কম সময়ের মধ্যে। আল্লাহ তাদের সকলের প্রতি সন্তুষ্ট হোন ও তাদেরকে সন্তুষ্ট করুন এবং আমাদেরকে তাদের দলে একত্রিত করুন! নিশ্চয়ই তিনি সম্মানিত

---

[37] বুখারি

দানশীল।”[38]

আমীর যদি আল্লাহর আদেশ এবং তার ধার্যকরণের ক্ষেত্রে তাকে ভয় করে তাহলে অবশ্যই আল্লাহ তার অন্তরে সঠিক বিষয় ইলহাম পাঠাবেন এবং উত্তম কাজের জন্য তার পথ সহজ করে দেবেন। তাই আমীরগণের উপর আবশ্যক হচ্ছে ধৈর্যধারণ করা। কারণ আল্লাহ তা’আলা বলেন,

﴿وَاصْبِرُوا إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ﴾

“আর তোমরা ধৈর্যধারণ কর, নিশ্চয়ই আল্লাহ ধৈর্যশীলদের সাথে আছেন।”[39]

মুহাজির এবং আনসারদের মাঝে ওয়ালা তথা বন্ধুত্ব করা

দশম বৈশিষ্ট্যঃ আল্লাহ তা’আলার বাণীঃ

إِنَّ الَّذِينَ آمَنُوا وَهَاجَرُوا وَجَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ آوَوْا وَنَصَرُوا أُولَٰئِكَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ

“নিশ্চয়ই যারা ঈমান এনেছে, হিজরত করেছে, জীবন ও সম্পদ দ্বারা আল্লাহর পথে জিহাদ করেছে, আর যারা আশ্রয় দান করেছে এবং সাহায্য করেছে, তারা

[38] তাফসীর ইবনে কাসীর

[39] সুরা আনফালঃ ৪৬

একে অপরের বন্ধু।”[40]

এটা হচ্ছে মুজাহিদগণের বৈশিষ্ট্য। কারণ মুজাহিদ হয়তো আনসার হবে অথবা মুহাজির হবে। মুহাজির আল্লাহ ও তার রাসুলের জন্য এবং তার দ্বীনকে সাহায্য করা ও তার শত্রুদের বিরুদ্ধে জিহাদ করার জন্য নিজের বাড়ি-ঘর ও পরিবার ছেড়ে দেয় এবং সে নিজ ভূমি এমনকি সাথী-সঙ্গীদের সাথে লেগে থাকে না! আল্লাহ তা’আলা বলেন,

لِلْفُقَرَاءِ الْمُهَاجِرِينَ الَّذِينَ أُخْرِجُوا مِنْ دِيَارِهِمْ وَأَمْوَالِهِمْ يَبْتَغُونَ فَضْلًا مِنَ اللَّهِ وَرِضْوَانًا وَيَنْصُرُونَ اللَّهَ وَرَسُولَهُ أُولَٰئِكَ هُمُ الصَّادِقُونَ

“এই সম্পদ নিঃস্ব মুহাজিরগণের জন্য যাদেরকে নিজেদের ঘর-বাড়ী ও ধন-সম্পত্তি থেকে বের করে দেয়া হয়েছিল, অথচ তারা আল্লাহর অনুগ্রহ ও সন্তুষ্টির অন্বেষণ করে এবং আল্লাহ ও তার রাসুলকে সাহায্য করে। এরাই তো সত্যবাদী।”[41]

আর আনসার দ্বীনের কারণে তার ঘর ছাড়া ভাইকে আশ্রয় দেয়, দ্বীনের খাতিরে তার ভাইকে মুহাব্বাত করে, তার নিকট থাকা বস্তু তাকে দিয়ে দেয় এবং তার নিজ ভূমিকে উৎসর্গ করে যা দ্বীনের শত্রুদের লক্ষ্যে পরিণত হয়। আল্লাহ তা’আলা বলেন,

وَالَّذِينَ تَبَوَّءُوا الدَّارَ وَالْإِيمَانَ مِنْ قَبْلِهِمْ يُحِبُّونَ مَنْ هَاجَرَ إِلَيْهِمْ وَلَا يَجِدُونَ فِي صُدُورِهِمْ حَاجَةً مِمَّا أُوتُوا وَيُؤْثِرُونَ عَلَىٰ أَنْفُسِهِمْ وَلَوْ كَانَ بِهِمْ خَصَاصَةٌ

[40] সুরা আনফালঃ ৭২

[41] সুরা হাশরঃ ০৮

"আর তাদের জন্যও, মুহাজিরগণের আগমনের পূর্বে যারা এ নগরীকে নিবাস হিসেবে গ্রহণ করেছে ও ঈমান আনয়ন করেছে, তাদের কাছে যারা হিজরত করে এসেছে তারা তাদেরকে ভালবাসে এবং মুহাজিরগণকে যা দেওয়া হয়েছে তার জন্য তারা তাদের অন্তরে কোন ঈর্ষা অনুভব করে না, আর তারা তাদেরকে নিজেদের উপর অগ্রাধিকার দেয় নিজেরা অভাবগ্রস্ত হলেও।"[42]

আল্লাহ তা'আলা হিজরত করা ও কষ্টের উপর ধৈর্যধারণ করার ক্ষেত্রে এবং সাহায্য করা ও মুহাজির ভাইদের প্রতি সমতা বিধান করার ক্ষেত্রে সাহাবীগণের رَضِيَ اللَّهُ عَنْهُمْ এক উঁচু দৃষ্টান্ত দিয়েছেন। এমনকি আনসারও তার মুহাজির ভাইয়ের সাথে তার সম্পদ, স্ত্রী ও সকল বিষয়ের ক্ষেত্রে ইনসাফ করেছেন। নিজের দুই স্ত্রীর একজনকে তালাক্ব দিয়েছেন যেন তার মুহাজির ভাই বিবাহ করতে পারে। আর এর সবগুলোই ছিল আল্লাহর দ্বীনকে ভালবাসার কারণে এবং ঐ ব্যক্তির মর্যাদা জানার কারণে যে আল্লাহর রাস্তায় বের হয়।

দ্বীন প্রতিষ্ঠা হবে না এবং জিহাদের বিজয় আসবে না মুহাজিরগণ ও আনসারগণ ব্যতীত। আর আল্লাহ তা'আলা এই সকল ব্যক্তিদেরকে প্রকৃত মু'মিন হিসেবে বৈশিষ্ট্যমণ্ডিত করেছেন। আল্লাহ তা'আলা বলেন,

وَالَّذِينَ آمَنُوا وَهَاجَرُوا وَجَاهَدُوا فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ آوَوْا وَنَصَرُوا أُولَٰئِكَ هُمُ الْمُؤْمِنُونَ حَقًّا لَهُمْ مَغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ ﴿٧٤﴾

"আর যারা ঈমান এনেছে, হিজরত করেছে এবং আল্লাহর পথে জিহাদ করেছে, আর যারা আশ্রয় দান করেছে এবং সাহায্য করেছে, তারাই প্রকৃত মু'মিন, তাদের জন্য রয়েছে ক্ষমা ও সম্মানজনক রিযিক্ব।"[43]

[42] সুরা হাশরঃ ০৯

[43] সুরা আনফালঃ ৭৪

দারুল ইসলাম প্রতিষ্ঠার সূচনার সময় এবং গুরাবাদের যামানায় হিজরত করা ও সাহায্য করা নিশ্চিতভাবে ওয়াজিব হয়ে যায় যেমনটি আজ আমাদের অবস্থা। তাই মাহরূম তথা বঞ্চিত সেই ব্যক্তিই যে মুহাজির হয়নি এবং আনসারও হয়নি।

আল্লাহ তা'আলা স্পষ্টকরে বর্ণনা করেছেন যে, কাফিররা একে অপরের বন্ধু। আর মু'মিনগণের মাঝেও এ বন্ধুত্ব করা আবশ্যক। কারণ আল্লাহ তা'আলা বলেন,

وَالَّذِينَ كَفَرُوا بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ ۚ إِلَّا تَفْعَلُوهُ تَكُن فِتْنَةٌ فِي الْأَرْضِ وَفَسَادٌ كَبِيرٌ ﴿٧٣﴾

"আর যারা কুফরি করে, তারা একে অপরের বন্ধু। যদি তোমরা তা (ওয়ালা বারা বাস্তবায়ন) না কর, তাহলে যমীনে ফিতনা ও বড় ফাসাদ সৃষ্টি হবে।"[44]

আর এসব কিছুই ওয়ালার পূর্ণতার জন্য। কেননা ঈমান ততক্ষণ পর্যন্ত পরিপূর্ণ হবে না যতক্ষণ না কোন ব্যক্তি তার মুসলিম ভাইকে ভালবাসে, সে তার জন্য তাই পছন্দ করে যা নিজের জন্য পছন্দ করে এবং তার ভাইকে নিজ শরীরের অংশ মনে করে। যেন ইসলামের ভিত্তি শক্তিশালী হয়।

[44] সুরা আনফালঃ ৭৩

আমরা এমন প্রত্যেক মর্যাদাবান মুজাহিদের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করছি যে জিহাদ ও জিহাদের পথে অবিচ্ছিন্নভাবে লেগে থাকে অথবা এমন ব্যক্তির বৈশিষ্ট্য সম্পর্কে যে এই পথকে ভালবাসে এবং তার অনুভূতিতে যুদ্ধে বের হওয়ার সঙ্কল্প ঘুরপাক খায়। ফলে সে নিজের ভবিষ্যৎ কেবলমাত্র জিহাদের ময়দানেই দেখে। আল্লাহ তার জন্য যাত্রা সহজ করে দেন। আমরা বৈশিষ্ট্যের বাগান ও এর ডাল-পালায় প্রদক্ষিণ করছিঃ

জিহাদ পরিত্যাগ করার জন্য অনুমতি না চাওয়া

এগারতম বৈশিষ্ট্যঃ আল্লাহ তা'আলার বাণীঃ

لَا يَسْتَأْذِنُكَ الَّذِينَ يُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ أَنْ يُجَاهِدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ ۗ وَاللَّهُ عَلِيمٌ بِالْمُتَّقِينَ ﴿٤٤﴾

"যারা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রাখে, তারা আপনার কাছে তাদের মাল ও জান দিয়ে জিহাদ করা থেকে বিরত থাকার অনুমতি চায় না। আর আল্লাহ মুত্তাক্বীদের সম্পর্কে পূর্ণ জ্ঞাত।"[45] ইবনে কাসীর رَحِمَهُ الله বলেন, "আল্লাহ তা'আলা সংবাদ দিয়েছেন যে, যুদ্ধ থেকে বসে থাকার ব্যাপারে তার নিকট যেন এমন কেউ অনুমতি না চায় যে আল্লাহ এবং তার রাসুলের প্রতি ঈমান আনে। আল্লাহ বলেন, "তারা আপনার কাছে বিরত থাকার অনুমতি চায় না।" অর্থাৎ যুদ্ধ থেকে বসে থাকার ব্যাপারে। "তাদের মাল ও জান দিয়ে জিহাদ করা থেকে।" কেননা ঐ সকল ব্যক্তিরা জিহাদকে নৈকট্য অর্জন মনে করে। যখনই আমরা তাদেরকে এর প্রতিনিধি নিয়োগ করি তখন তারা দ্রুত পালন করে।"[46] কুরতুবী বলেন, "অর্থাৎ যুদ্ধ থেকে বসে থাকার ব্যাপারে বের না হওয়ার ব্যাপারে নয়। বরং যখন আমি কোন বিষয়ের নির্দেশ দেই তখন তারা তা দ্রুতই করে। কারণ ঐ সময়ে কোন উজর ছাড়া অনুমতি চাওয়া

[45] সুরা তাওবাঃ ৪৪

[46] তাফসীর ইবনে কাসীর

নিফাক্বের আলামতের অন্তর্ভুক্ত।”[47]

সুতরাং প্রকৃত মু’মিন হচ্ছে ঐ ব্যক্তি যখন সে জিহাদের ডাক শুনতে পায় তখন সে কোন বিলম্ব এবং দ্বিধা ছাড়াই সাড়া দেয়। ফলে সে উজর এবং বসে থাকা, এড়িয়ে যাওয়া ও অনুমতি চাওয়ার জন্য সমর্থনযোগ্য বিষয় তালাশ করে না এবং খুঁজে বেড়ায় না। সে জিহাদের আবশ্যকীয়তার ব্যাপারে গুজব রটনাকারীদের ও সাহায্য বর্জনকারীদের সংশয়ে কান দেয় না। সে মুজাহিদগণের সারির অন্তর্ভুক্ত হওয়ার পর ময়লা-আবর্জনার সাথে পিছনে ফিরে আসার জন্য অনুমতি চায় না। কারণ এগুলো মুজাহিদগণের সিফাত নয় এবং তাদের বৈশিষ্ট্যও নয়। মুজাহিদ জিহাদকে মনে করে ইবাদাত, নৈকট্য অর্জন এবং নিশ্চিতরূপে ফরজ বিধান যে ব্যাপারে কোন বিতর্ক নেই। যদিও আল্লাহ তা’আলা বসে থাকার ব্যাপারে অনুমতি চাওয়া ব্যক্তিদের নিন্দা করেছেন এবং তাদেরকে নিফাক্বের বৈশিষ্ট্য দিয়েছেন! তাহলে ঐ সকল বসে থাকা ব্যক্তিদের অবস্থা কি হবে যারা বসে থাকার জন্য সাজিয়ে কথা বলে এবং মনে করে এর মধ্যেই তাদের দ্বীনের নিরাপত্তা রয়েছে?! বরং জিহাদের বিরুদ্ধে ঐ সকল যুদ্ধকারীদের অবস্থা কি হবে যারা মুজাহিদগণকে অপবাদ দেয়?! আল্লাহ সহায় হোন।

উজরগ্রস্থ ব্যক্তির কল্যাণ কামনা করা

বারতম বৈশিষ্ট্যঃ এ বৈশিষ্ট্য উজরগ্রস্থ ব্যক্তিদের জন্য। আল্লাহ তা’আলা বলেন,

---

[47] তাফসীরে কুরতুবী

لَّيْسَ عَلَى الضُّعَفَاءِ وَلَا عَلَى الْمَرْضَىٰ وَلَا عَلَى الَّذِينَ لَا يَجِدُونَ مَا يُنفِقُونَ حَرَجٌ إِذَا نَصَحُوا لِلَّهِ وَرَسُولِهِ ۚ مَا عَلَى الْمُحْسِنِينَ مِن سَبِيلٍ ۚ وَاللَّهُ غَفُورٌ رَّحِيمٌ ﴿﴾

“কোন দোষ নেই দুর্বলদের উপর, অসুস্থদের উপর এবং যারা দান করার মত কিছু পায় না তাদের উপর, যদি তারা আল্লাহ ও তার রাসুলের হিতাকাঙ্ক্ষী হয়। সৎকর্মশীলদের উপর (অভিযোগের) কোন পথ নেই, আর আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।”[48] কুরতুবী বলেন, “আল্লাহর বাণীঃ “যদি তারা আল্লাহ ও তার রাসুলের হিতাকাঙ্ক্ষী হয়।” যখন তারা হক্ব জানবে, হক্বের বন্ধুদের ভালবাসবে এবং হক্বের শত্রুদের ঘৃণা করবে।”[49] সুতরাং এই ব্যক্তি যাকে আল্লাহ কোন অসুস্থতা অথবা স্পষ্ট খোঁড়া বা অন্ধত্বের কারণে উজরগ্রস্থ করেছেন আল্লাহ তার জন্য শর্ত করেছেন যে, তার অন্তর মু’মিনগণ ও মুজাহিদগণকে ভালবাসবে, তাদের জন্য দু’আ করবে, কাফিরদের ঘৃণা করবে যারা তাদের বিরুদ্ধে যুদ্ধ করে এবং তাদের বিরুদ্ধে বদ দু’আ করবে। সে সাহায্য বর্জন করবে না এবং গুজব রটাবে না। ইবনে কাসীর বলেন, “এই সকল ব্যক্তিদের উপর কোন পাপ নেই যখন তারা বসে থাকবে এবং তারা বসে থাকা অবস্থায় কল্যাণ কামনা করবে, মানুষের নিকট মিথ্যা রটাবে না, তারা তাদেরকে বাধা দিবে না এবং তারা তাদের এই অবস্থায় সৎকর্মশীল। তাই আল্লাহ বলেন, “সৎকর্মশীলদের উপর (অভিযোগের) কোন পথ নেই, আর আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।”[50]

আর এই ব্যক্তি যদি হক্বপন্থীদের প্রতি বিদ্বেষ পরায়ণ হয়, পথভ্রষ্ট ও

---

[48] সুরা তাওবাঃ ৯১

[49] তাফসীরে কুরতুবী

[50] তাফসীর ইবনে কাসীর

পথভ্রষ্টকারীদের বক্তব্য প্রচার করে, আল্লাহর শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ করার ব্যাপারে অনাগ্রহী হয় তাহলে সে বসে থাকা ব্যক্তিদের ন্যায় পাপী হবে। উজরগ্রস্থ ব্যক্তিদের মধ্য থেকে এমন প্রত্যেক ব্যক্তির জন্য এটা একটি নির্দেশনা যে, সে জিহাদে অংশগ্রহণ করবে - যদিও সেটা কথার মাধ্যমে হয় অথবা সাহায্য করা বা মুজাহিদগণের সম্মান রক্ষা করা এবং তাদের খোঁজখবর নেওয়ার মাধ্যমে হয়। এমনিভাবে এ বিষয়টিতে ঐ ব্যক্তিও অন্তর্ভুক্ত হবে যে জিহাদের ময়দানে আহত হয়ে জখমের কারণে যুদ্ধ করা থেকে অক্ষম হয়ে গেছে। কেননা তার জিহাদের সুযোগ চলমান রয়েছে। আর এটা হবে মুজাহিদগণের প্রচেষ্টাগুলোকে উন্নত করা, তাদের সংবাদ প্রচার করা, কাফিরদের ক্রোধান্বিত করার মাধ্যমে এবং তার সক্ষমতা অনুযায়ী মুজাহিদগণকে সাহায্য করার অন্যান্য উপায়ের মাধ্যমে। যদি সে এগুলো করে তাহলে তার জন্য মুজাহিদগণের সমপরিমাণ নেকী থাকবে। নাবী ﷺ এর এবাণীর কারণেঃ "মদিনায় এমন কতক লোক আছে যে, তোমরা যেখানেই গিয়েছো এবং যে উপত্যকাই অতিক্রম করেছো, তারা তোমাদের সাথেই ছিল। সাহাবীগণ বললেন, হে আল্লাহর রাসুল! তারা মদিনায় থেকেও (আমাদের সাথে ছিলেন)! তিনি বলেন, তারা মদিনায় থেকেও, তাদের উজর (অক্ষমতা) তাদের প্রতিরোধ করে রেখেছে।"[51] এব্যাপারে সাহাবীগণের অসংখ্য ঘটনা রয়েছে। তাদের কেউ মুজাহিদগণের সাথে বের হয়েছেন তাদের দল ভারী করার জন্য অথবা তার খোঁড়া পা নিয়ে জান্নাতে আরোহণ করার জন্য। আর কেউ কেঁদেছেন যখন জিহাদের জন্য কোন উপায় পাননি। আমরা এখনো বর্তমান সময়ের মুজাহিদগণের মাঝে অনুরূপ ঘটনা সর্বদাই দেখি এবং শুনি। সকল প্রশংসা আল্লাহর।

---

[51] বুখারি

আল্লাহর নিকট তাওবা করা

তেরতম বৈশিষ্ট্যঃ আল্লাহ তা'আলার বাণীঃ

﴿التَّائِبُونَ﴾

"তারা হবে তাওবাকারী।"[52] আর এই অংশটুকু আল্লাহ তা'আলার এবাণীর পরে রয়েছে -

إِنَّ اللَّهَ اشْتَرَىٰ مِنَ الْمُؤْمِنِينَ أَنفُسَهُمْ وَأَمْوَالَهُم بِأَنَّ لَهُمُ الْجَنَّةَ ۚ يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ فَيَقْتُلُونَ وَيُقْتَلُونَ ۖ وَعْدًا عَلَيْهِ حَقًّا فِي التَّوْرَاةِ وَالْإِنجِيلِ وَالْقُرْآنِ ۚ وَمَنْ أَوْفَىٰ بِعَهْدِهِ مِنَ اللَّهِ ۚ فَاسْتَبْشِرُوا بِبَيْعِكُمُ الَّذِي بَايَعْتُم بِهِ ۚ وَذَٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ

"নিশ্চয়ই আল্লাহ মু'মিনদের থেকে তাদের জান ও মাল ক্রয় করে নিয়েছেন এ বিনিময়ে যে, তাদের জন্য রয়েছে জান্নাত। তারা আল্লাহর পথে লড়াই করে। অতঃপর তারা মারে ও মরে। তাওরাত, ইঞ্জিল ও কুরআনে এ সম্পর্কে সত্য ওয়াদা রয়েছে। আর নিজ প্রতিজ্ঞা পালনে আল্লাহর চেয়ে শ্রেষ্ঠতর কে আছে? সুতরাং তোমরা যে সওদা করেছ সে সওদার জন্য আনন্দিত হও। আর সেটাই তো মহাসাফল্য।"[53]

আল্লাহ আমাদেরকে এই আয়াতের পরে ঐ সকল শহীদগণের বৈশিষ্ট্য

---

[52] সুরা তাওবাঃ ১১২

[53] সুরা তাওবাঃ ১১১

সম্পর্কে সংবাদ দিয়েছেন যাদের জান আল্লাহ ক্রয় করে নিয়েছেন। ত্ববারীতে এসেছেঃ "যাহহাক ইবনে মাযাহিম থেকে বর্ণিত, এক লোক তাকে আল্লাহর এবাণী সম্পর্কে জিজ্ঞাসা করেছে - "নিশ্চয়ই আল্লাহ মু'মিনদের থেকে তাদের জান ও মাল ক্রয় করে নিয়েছেন এ বিনিময়ে যে, তাদের জন্য রয়েছে জান্নাত। তারা আল্লাহর পথে লড়াই করে। অতঃপর তারা মারে ও মরে। তাওরাত, ইঞ্জিল ও কুরআনে এ সম্পর্কে সত্য ওয়াদা রয়েছে। আর নিজ প্রতিজ্ঞা পালনে আল্লাহর চেয়ে শ্রেষ্ঠতর কে আছে? সুতরাং তোমরা যে সওদা করেছ সে সওদার জন্য আনন্দিত হও। আর সেটাই তো মহাসাফল্য।" - লোকটি বলল, আমি কি মুশরিকদের উপর আক্রমণ করব না অতঃপর আমি লড়াই করতে থাকব যতক্ষণ না আমি নিহত হই? তিনি বললেন, তোমার অমঙ্গল হোক! শর্ত কোথায়? "তারা তাওবাকারী, ইবাদাতগুজার।"[54] শেষ। এই আয়াতের মধ্যে শহীদগণের বৈশিষ্ট্য রয়েছে। ইবনে আব্বাস থেকে বর্ণিত তিনি বলেন, "শহীদ হচ্ছে ঐ ব্যক্তি যার মাঝে নয়টি বৈশিষ্ট্য থাকে -

التَّائِبُونَ الْعَابِدُونَ الْحَامِدُونَ السَّائِحُونَ الرَّاكِعُونَ السَّاجِدُونَ الْآمِرُونَ بِالْمَعْرُوفِ وَالنَّاهُونَ عَنِ الْمُنْكَرِ وَالْحَافِظُونَ لِحُدُودِ اللَّهِ وَبَشِّرِ الْمُؤْمِنِينَ ﴿١١٢﴾

"তারা তাওবাকারী, ইবাদাতগুজার, আল্লাহর প্রশংসাকারী, সিয়াম পালনকারী, রুকুকারী, সিজদাকারী, সৎকাজের আদেশদাতা, অসৎকাজের নিষেধকারী এবং আল্লাহর নির্ধারিত সীমারেখা হেফাযতকারী। আর আপনি মু'মিনদেরকে সুসংবাদ দিন।"[55] [56]

---

[54] সুরা তাওবাঃ ১১২

[55] সুরা তাওবাঃ ১১২

[56] আস-সুয়ুত্বী

আল্লাহর নিকট তাওবা করা ঐ সকল ব্যক্তিদের প্রথম বৈশিষ্ট্য যারা নিজেদের জান বিক্রি করে দেয়। হাসান থেকে বর্ণিত হয়েছে, তিনি পড়লেন, "তারা তাওবাকারী, ইবাদাতগুজার।" তিনি বলেন, "তারা শিরক থেকে তাওবা করে এবং নিফাক্ব থেকে মুক্ত হয়।"[57] এটা মুজাহিদের স্বভাব যে, সে অধিক তাওবাকারী হবে; কারণ পাপ জিহাদ না করতে উদ্বুদ্ধ করে হোক সেটা কথা, কাজ বা অন্তরের পাপ তা সমান। আর এগুলো অধিক বিপজ্জনক যেমন রিয়া বা লোকদেখানো কাজ, অহঙ্কার এবং প্রতারণা করা। আপনি কি দেখেন নি রিব্বীরা (ধার্মিক দল) আল্লাহকে ডেকে সর্বপ্রথম যা চেয়েছিল তা হচ্ছে ক্ষমা। তারা বলেছে,

﴿رَبَّنَا اغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَإِسْرَافَنَا فِي أَمْرِنَا﴾

"হে আমাদের রব! আমাদের পাপ এবং আমাদের কাজের সীমালঙ্ঘন আপনি ক্ষমা করুন।"[58] এটা তাদের শিষ্টাচারের অন্তর্ভুক্ত যে, তারা তাদের পাপের স্বীকারোক্তি আগে পেশ করেছিল। এজন্য যুদ্ধে গমন করার পূর্বে নতুন করে তাওবা করা মুস্তাহাব যেন মুজাহিদ তার পাপের কারণে পদস্খলিত না হয়। কেননা উহুদের দিনে কতিপয় মুসলিমের পদস্খলন পাপের কারণে হয়েছিল। আল্লাহ বলেন,

